

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি দপ্তর

স- ১৫৫ (আগরতলা ২১০৮)

আগরতলা, ২১ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

ধলাই জেলায় ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গৃহীত

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ধলাই জেলার আইন শৃঙ্খলা রক্ষায় ব্যাপক নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। বিভিন্ন স্পর্শকাতর এলাকায় পুলিশি টহলদারির ব্যবস্থা জারি রয়েছে। বিভিন্ন জায়গায় যানবাহন তল্লাসি করা হচ্ছে। ধলাই জেলা পুলিশের পক্ষ থেকে জনসাধারণের কাছে আবেদন করা হয়েছে কোনও ধরণের সন্দেহজনক কাজকর্ম নজরে এলেই যেন পুলিশ কর্তৃপক্ষকে অবহিত করা হয়। লোকসভা নির্বাচন অবাধ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ধলাই জেলা প্রশাসন এবং পুলিশ কর্তৃপক্ষ অঙ্গীকারবদ্ধ বলে জানানো হয়েছে।
